


চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ

E-mail: chapaipbs@gmail.com

web : pbs.chapainawabganj.gov.bd



স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০১.০২২.২২. ৩৯৫৮

তারিখঃ ৩০শে শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ।
১৪ই আগষ্ট, ২০২২ খ্রিষ্টাব্দ।

“সার্কুলার”

বিষয়ঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের মিনি ঠিকাদার হিসেবে প্রাথমিক তালিকাভুক্তির বিজ্ঞপ্তি।

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় বৈদ্যুতিক লাইন নির্মাণ (ক্ষুদ্র সম্প্রসারণ) ও রক্ষনাবেক্ষণ কাজে মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রাথমিক তালিকাভুক্তির জন্য বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজে ক, খ ও গ শ্রেণীর লাইসেন্সধারী (বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত) ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১। চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরের ক্যাশ শাখায় নগদ ১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরৎ যোগ্য) জমা প্রদান সাপেক্ষে প্রাথমিক তালিকাভুক্তির নির্ধারিত ফরম আগামী ১৬/০৮/২২ খ্রিঃ তারিখ হতে ২৫/০৮/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ক্যাশ শাখা হতে গ্রহণ করা যাবে।

০২। প্রাথমিক তালিকাভুক্তির জন্য আবেদন পত্রের সাথে যে সকল দলিলাদি প্রদান করতে হবে তা নিম্নরূপঃ-

- নির্ধারিত ফরমে মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে প্রাথমিক তালিকাভুক্তির আবেদন করতে হবে। সাদা কাগজে আবেদন গ্রহণযোগ্য নহে।
- হালনাগাদ ড্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, আয়কর সনদ (সত্যায়িত ফটোকপি) অথবা আয়কর রিটার্নের রশিদ।
- বৈদ্যুতিক ঠিকাদারের এবিসি লাইসেন্স (বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত) (সত্যায়িত ফটোকপি)।
- এবিসি সুপারভাইজারী লাইসেন্স (বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত)।
- বাপবিবোর্ডের প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্ত ০১ জন সুপারভাইজারী ও প্রশিক্ষণ প্রাপ্ত ০১ জন লাইনম্যান (প্রাথমিক তালিকাভুক্তির জন্য বাধ্যতামূলক নহে)।
- বৈদ্যুতিক কাজ করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা।
- ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (একটি কার্যাদেশ ৫ লক্ষ টাকার কাজ করার ক্ষমতা)।
- স্বত্বাধিকারীর যোগ্যতা ও অভিজ্ঞতা (ছবিসহ বায়োডাটা)।
- লোকবলের তালিকা ও প্রত্যেকের যোগ্যতা ও অভিজ্ঞতা (ছবিসহ বায়োডাটা)।
- বর্তমানে চলমান কাজের নাম (যদি থাকে)।

৩। আবেদন পত্র আগামী ৩০/০৮/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ২:০০ ঘটিকার মধ্যে চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে।

৪। আবেদিত প্রতিষ্ঠান যে কয়টি পল্লী বিদ্যুৎ সমিতিতে তালিকাভুক্ত আছে তার একটি তালিকা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। কোন প্রতিষ্ঠান ০৪ (চার) টির বেশী সমিতিতে তালিকাভুক্ত হতে পারবে না।

৫। প্রতিষ্ঠানে ব্যবহৃত যানবাহনের তালিকা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।


৬। নির্ধারিত সময় সীমার পর আবেদন পত্র বিক্রয়/গ্রহণ করা যাবে না।

৭। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৮। এই বিজ্ঞপ্তির আওতায় “বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড” কর্তৃক ইস্যুকৃত বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজে ক, খ ও গ শ্রেণীর লাইসেন্সের মেয়াদ বিবেচনায় প্রায় ২০ টি মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রাথমিক তালিকাভুক্ত করা হবে। নির্ধারিত কমিটি কর্তৃক যাচাই-বাছাই এর পর তালিকাভুক্তির সংখ্যা কম-বেশী হতে পারে।

৯। যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। শর্তে উল্লেখ নেই এমন কোন বিষয় অথবা বিরোধপূর্ণ কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। যে সকল প্রতিষ্ঠানের ঠিকাদারী ক, খ ও গ শ্রেণীর বৈদ্যুতিক লাইন নির্মাণ লাইসেন্স এবং এবিসি সুপারভাইজারী লাইসেন্সের হালনাগাদ/নবায়নের মেয়াদ ৩০/১১/২০২২ খ্রিঃ পর্যন্ত বলবত নাই তাদের আবেদন করার কোন প্রয়োজন নাই।


(প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
- ০৩) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....১/২/৩/৪।
- ০৩) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, রাজশাহী।
- ০৪) ডিজিএম (সদর-কারিগরি)/শিবগঞ্জ/নাচোল/ভোলাহাট জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ০৫) এজিএম (ওএন্ডএম), মহারাজপুর/সাহাপাড়া সাব-জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ০৬) এজিএম (অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম/ ইএন্ডসি), চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ০৭) এজিএম (আইটি), চাঁপাইনবাবগঞ্জ পবিস। (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ০৮) নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ০৯) অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার